অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্ল্যাটসবার্গে 24 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সমর্থক আবাসন ডেভেলপমেন্ট কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

নর্থউডস ক্লিনটন কাউন্টিতে 80 সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট প্রদান করে, যার মধ্যে সমর্থক সেবাসহ 40টি ইউনিট রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে প্ল্যাটসবার্গ টাউনে একটি 24 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন ডেভেলপমেন্ট কাজ শেষ হয়েছে। নর্থউডসে (Northwoods) 80টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট রয়েছে, যার মধ্যে 40টি সমর্থক সেবাসহ।

"আমাদের স্টেটের প্রতিটি কোণায় সাশ্রয়ী ও সমর্থক আবাসনের জরুরি প্রয়োজন মেটাতে আমার প্রশাসন দৃঢ়সংকল্প," **গভর্নর হোকল বলেন।** "নর্থউডস প্ল্যাটসবার্গে সেই আহ্বানের উত্তর দিতে সাহায্য করছে আধুনিক, শক্তিদক্ষ অ্যাপার্টমেন্ট দিয়ে যা বাসিন্দাদের সুরক্ষিত, স্বাস্থ্যকর ও নিরাপদে গৃহে রাখতে সকল প্রয়োজনীয় সেবাদান করছে।"

নর্থউডস আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের পরিকল্পনার সম্পূরক। অর্থবছর 2023 এর স্টেট বাজেটে (State Budget), গভর্নর একটি নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি, সার্বিক আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে নিশ্চিত করেছেন যা আবাসন সরবরাহ বৃদ্ধি করবে নিউ ইয়র্কজুড়ে 100,000টি সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীকে সমর্থন করার জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে আরো 50,000 বাসার বৈদ্যুতিকায়ন করা হবে।

নর্থউডস গঠিত হয়েছে পাঁচটি নতুন নির্মিত ভবন দিয়ে যাদের অবস্থান 195 প্লাজা ব্যুলেভার্ডের (Plaza Boulevard) একটি পূর্বে খালি থাকা 13 একরের প্লট। চারটি ভবনে এক, দুই, এবং তিন শয়নকক্ষের অ্যাপার্টমেন্টের মিশ্রণ রয়েছে, এবং পঞ্চম ভবনটি একটি কমিউনিটি ভবন এবং বিহেভিওরাল হেলথ সার্ভিস নর্থের (Behavioral Health Services North, BHSN) অফিস হিসেবে কাজ করে, এটি একটি প্ল্যাটিসবার্গভিত্তিক অলাভজনক সংগঠন যারা নর্থউডসে সমর্থক সেবা প্রদান করবে।

চল্লিশজন বাসিন্দার অনসাইট সেবা এবং এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative, ESSHI) মাধ্যমে প্রদত্ত এবং নিউ ইয়র্ক স্টেটের মানসিক

স্বাস্থ্য অফিস (New York State Office of Mental Health., OMH) দ্বারা পরিচালিত ভাড়া ভর্তুকি পাওয়ার সুযোগ থাকবে। সেবার মধ্যে রয়েছে কেস ব্যবস্থাপনা, জীবনের দক্ষতা প্রশিক্ষণ, স্বাস্থ্য শিক্ষা, পরিবহন সহায়তা, ভবন নিরাপত্তা সেবা, এবং অন্যান্য সংস্থানের প্রতি রেফারেল।

অবশিষ্ট অ্যাপার্টমেন্টগুলি এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 80 শতাংশ বা তার কম উপার্জনের গৃহস্থালিসমূহের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

নর্থউডসের নির্মাণ প্ল্যাটসবার্গ টাউনের গৃহীত প্ল্যাটসবার্গ টাউন কেন্দ্র উত্থিত করার বুদ্ধিমান প্রবৃদ্ধি পরিকল্পনার (Elevate Plattsburgh Town Center Smart Growth Plan) সম্পূরক, যেহেতু এটি টাউনের বাণিজ্যিক কেন্দ্রে আবাসন বিকল্পের ঘাটতি সমাধান করে, এবং টাউন কেন্দ্রকে আরো হাঁটার যোগ্য করে ঘনত্ব বৃদ্ধি এবং বিদ্যমান সাইডওয়াক নেটওয়ার্ককে সম্প্রসারিত করার মাধ্যমে। নর্থউডস এছাড়া স্থানীয় ট্র্যাফিক প্যাটার্ন উন্নত করে টম মিলার রোডকে (Tom Miller Road) প্লাজা ব্যুলেভার্ড পর্যন্ত সংযুক্ত করে।

নর্থউডস নির্মিত হয়েছে সবুজ ভবন অনুশীলন ব্যবহার করে, এবং এই ডেভেলপমেন্ট পরিবেশ সুরক্ষা এজেন্সির (Environmental Protection Agency) এনার্জি স্টার প্রত্যয়িত বাড়ি কর্মসূচি (Energy Star Certified Homes Program), নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ আবাসন কর্মসূচি (New Construction - Housing Program), এবং LEED ফর হোমসের (LEED for Homes) সিলভার প্রত্যয়নের মানদণ্ড পূরণ করে।

ডেভেলপমেন্টটি একটি মুদি দোকান, বিভিন্ন মেডিকেল অফিস, এবং প্ল্যাটসবার্গ টাউনের মে কুরিয়ার পার্কের (May Currier Park) কাছে অবস্থিত, এবং এটি ক্লিনটন কাউন্টি গণপরিবহনের (Clinton County Public Transit) বাস লাইনের সেবা পায়।

নর্থউডস নির্মাণ করেছে হাউজিং ভিশনস (Housing Visions)।

স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল ও স্টেট নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low-Income Housing Tax Credits) যা 13.9 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করেছে, নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 9 মিলিয়ন মার্কিন ডলারের একটি ভর্তুকি। NYSERDA 80,000 মার্কিন ডলারের সমর্থন প্রদান করছে। একটি নিউ ইয়র্কভিত্তিক সম্প্রদায় বিকাশের আর্থিক প্রতিষ্ঠান (Community Development Financial. Institution, CDFI), লেভিটিকাস তহবিল (Leviticus Fund) প্রকল্পটিকে 545,000 মার্কিন ডলার অনুদান দিয়েছে।

গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল ক্লিনটন কাউন্টিতে বহু পরিবারের ভবনে 200-র বেশি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি ও সংরক্ষণের জন্য 17 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে।

হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "প্ল্যাটসবার্গ টাউনে আমাদের 24 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ নর্থ কান্ট্রির একটি অতি গুরুত্বপূর্ণ সাশ্রয়ী আবাসন ঘাটতির সমাধান করে এবং সম্প্রদায়ের বিকাশ প্রসারের জন্য স্থানীয় নেতৃবৃন্দের তৈরি একটি রোডম্যাপের ব্যবহার করে। এখানে শেষ হওয়া কাজের কল্যাণে, 40টি গৃহস্থালি একটি নিরাপদ, আধুনিক বাসার সুবিধা পাবে, যার মধ্যে গৃহহীনতায় ভুগতে থাকা 40 ব্যক্তি বা পরিবার তাদের সমৃদ্ধির জন্য সাহায্য করবে এমন সমর্থক সেবা পাবে। আমাদের সরকারি ও বেসরকারি অংশীদারদের ধন্যবাদ, এই ডেভেলপমেন্টে তাদের সহযোগিতার জন্য যা সম্প্রদায়ের অনেকের জন্য লাভজনক হবে।"

মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার অ্যান সালিভ্যান বলেন, "নিরাপদ ও স্থিতিশীল আবাসন মানসিক অসুস্থতা নিয়ে বাস করা একজন ব্যক্তির চিকিৎসা ও নিরাময়ে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়। সমর্থক আবাসন হাজার হাজার দুঃস্থ ব্যক্তি ও পরিবারকে তাদের নিজেদের সম্প্রদায়ে সফলভাবে জীবনযাপন করতে দিয়েছে।আরেকবার আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি সমর্থক আবাসন এবং ESSHI কর্মসূচির প্রতি তার প্রতিশ্রুতির জন্য।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নর্থউডস ডেভেলপমেন্ট শেষ হওয়ার ফলে, নর্থ কান্ট্রির বাসিন্দাদের এখন সাশ্রয়ী ও সমর্থক আবাসন পাওয়ার বর্ধিত সুযোগ রয়েছে যা অ্যাপ্লায়েন্স, সরঞ্জাম এবং বাতি থেকে শুরু করে জানালা, ইন্স্যুলেশন এবং বাতাস সিলিং পর্যন্ত শক্তি দক্ষ বৈশিষ্ট্য দ্বারা একটি আরামদায়ক বেঁচে থাকার অভিজ্ঞতা প্রদান করে। উল্লেখ্য এই যে প্রকল্পটি জীবাশ্ম জ্বালানিমুক্ত যা বাসিন্দাদের এবং পরিবেশের জন্য বেশি স্বাস্থ্যকর এবং এটি গভর্নর হোকলের 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ুবান্ধব বাসা তৈরির লক্ষ্যকে সমর্থন করে।"

স্টেটের সিনেটর ড্যান স্টেক বলেন, "সাশ্রয়ী আবাসন আমাদের অঞ্চলের জন্য অত্যাবশ্যক।এই 40টি নতুন সাশ্রয়ী ও সমর্থক অ্যাপার্টমেন্ট দিয়ে আমরা আরো ভালোভাবে নিশ্চিত করতে পারবো যাতে প্ল্যাটসবার্গের বাসিন্দাদের আরো উন্নত জীবনযাত্রার মান পাওয়ার সুযোগ থাকে, যা তাদের প্রয়োজন ও প্রাপ্য।"

অ্যাসেম্বলি সদস্য বিলি জোন্স বলেন, "নর্থ কান্ট্রি জুড়ে মানুষের জন্য সাশ্রয়ী থাকার স্থান খুঁজে পাওয়া ক্রমশ আরো কঠিন হয়ে যাচ্ছে এবং নর্থউডসের মতো প্রকল্প হলো নতুন সাশ্রয়ী আবাসন নির্মাণের ক্ষেত্রে মুখ্য।আমার জেলায় আমি যেখানেই যাই, আবাসন ক্রয়ক্ষমতার ব্যাপারে সমস্যার কথা শুনি এবং আমি গর্বিত যে নর্থ কান্ট্রিতে আরো আবাসন আনার এই প্রকল্পে আমি সমর্থন দিয়েছি। আমি নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, হাউজিং ভিশনস, বিহেভিওরাল হেলথ সার্ভিস নর্থকে ধন্যবাদ জানাতে চাই তাদের পরিশ্রম ও নিবেদনের জন্য যা এটিকে সম্ভব করেছে এবং নর্থ কান্ট্রিতে এমন প্রকল্পসমূহ আনার জন্য স্টেট ও সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে কাজ করতে উন্মুখ।"

প্ল্যাটসবার্গ টাউনের সুপারভাইজার মাইকেল এস. ক্যাশম্যান বলেন, "আমরা অতি আনন্দিত নর্থউডস প্রকল্পের কাজ শেষ হওয়া উদযাপন করতে পেরে। আমাদের এলাকায়

আবাসনের ব্যাপক চাহিদা রয়েছে। সকলের এমন একটি নিরাপদ ও সাশ্রয়ী স্থান প্রাপ্য যাকে বাসা বলা যায়। নর্থউডস আমাদের টাউন কেন্দ্রে অনন্যভাবে এবং আদর্শভাবে অবস্থিত একটি বাস ও কাজের স্থানের পরিবেশে যা চাকরি, স্বাস্থ্য, সেবা, খুচরা বিক্রয় এবং বিনোদনের মতো ব্যাপারে সুযোগ বৃদ্ধি করে দেয়। আমি এটিকে বাস্তবে পরিণত করার জন্য জড়িত সকলের প্রশংসা করছি। প্ল্যাটসবার্গ টাউন এমন আরো প্রকল্পকে স্বাগত জানাবে। আমরা আবাসনকে একটি সম্প্রদায়ের অগ্রাধিকার করে রাখছি।"

হাউজিং ভিশনসের প্রধান নির্বাহী কর্মকর্তা বেন লকউড বলেন, "হাউজিং ভিশনস BHSN এবং প্ল্যাটসবার্গ সম্প্রদায়ের অন্যান্যদের সাথে অংশীদারিত্ব করে মানসম্পন্ন, শক্তিদক্ষ, সাশ্রয়ী আবাসন ও সেবা প্রদান করতে পেরে গর্বিত। নর্থউডস নর্থ কান্ট্রিতে সাশ্রয়ী আবাসন বিকল্প বৃদ্ধি করার ক্ষেত্রে অগ্রগতি করলো।প্ল্যাটসবার্গ বাসিন্দাদের জন্য বৈচিত্র্যময় আবাসন বিকল্পের চাহিদা উপলব্ধি করে এবং নর্থউডস একটি দুর্দান্ত উদাহরণ যে সম্প্রদায়ের সমস্যা সমাধানে একত্রে কাজ করে একটি সম্প্রদায় কী কী অর্জন করতে পারে।"

বিহেভিওরাল হেলথ সার্ভিস নর্থের প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক লুকেন্স বলেন, "সম্পূর্ণ-ব্যক্তির যত্নের ক্ষেত্রে একজন আঞ্চলিক নেতা হিসেবে, BHSN বুঝে আবাসন ছাড়া স্বাস্থ্যবান হওয়া কঠিন। সেজন্য আমরা এই প্রচেষ্টায় অবদান রাখতে পেরে গর্বিত যা আমাদের এলাকায় এবং আমাদের সম্প্রদায়ের সবথেকে দুর্বল কিছু সদস্যদের জন্য আরো মানসম্পন্ন আবাসন আনবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418